অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/5/19 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চুক্তির মেয়াদ সম্পন্ন হবার পূর্বেই কোনো গ্রাহকের মৃত্যু হলে, মোটরযান লিজ চুক্তির প্রদানযোগ্য আগাম পরিসমাপ্তি মূল্য নিষিদ্ধ করে গভর্নর কুউমো আইনে স্বাক্ষর করেছেন

গভর্নর কুওমো: "কোনো প্রিয়জনের হারানোর কষ্টই যথেষ্ট - তার উপরে মৃত প্রিয়জনের মোটরযান লিজের আগাম পরিসমাপ্তি মূল্যের মুখোমুখি হওয়া সেই কাটা ক্ষতে লবনের ছিটার মত। টেলিভিশন, ইন্টারনেট এবং ফোন পরিষেবা প্রদানকারীদের ইতোমধ্যেই এই মূল্য জারি করা থেকে নিষিদ্ধ করা হয়েছে, এবং শোকার্ত আত্মীয়রা যাতে এই অতিরিক্ত মানসিক চাপ থেকে রক্ষা পায় সেই উদ্দেশ্যে এই নতুন আইনের মাধ্যমে আমরা মোটরযান লিজের ক্ষেত্রেও তেমনটিই করছি।"

চুক্তির মেয়াদ সম্পন্ন হবার পূর্বেই কোনো গ্রাহকের মৃত্যু হলে, মোটরযান লিজ চুক্তির প্রদানযোগ্য আগাম পরিসমাপ্তি মূল্য নিষিদ্ধ করে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইনে (S.4019A/A.2078) স্বাক্ষর করেছেন। গ্রাহকের মৃত্যুর কারণে কোনো চুক্তি ভঙ্গ হলে ফোন, টেলিভিশন, ইন্টারনেট, এনার্জি এবং পানি পরিষেবা সরবরাহকারীদের আগাম পরিসমাপ্তি মূল্য ধার্য করার উপরে নিষেধাজ্ঞা প্রদান করে অনুরূপ আইন রয়েছে। আগাম পরিসমাপ্তি মূল্য থেকে পাওয়া সুরক্ষাকে এই নতুন আইনটি মোটরযান লিজ অবধি সম্প্রসারিত করে।

"কোনো প্রিয়জনের হারানোর কষ্টই যথেষ্ট – তার উপরে মৃত প্রিয়জনের মোটরযান লিজের আগাম পরিসমাপ্তি মূল্যের মুখোমুখি হওয়া সেই কাটা ক্ষতে লবনের ছিটার মত", **গভর্নর কুওমো বলেন।** "টেলিভিশন, ইন্টারনেট এবং ফোন পরিষেবা প্রদানকারীদের ইতোমধ্যেই এই মূল্য জারি করা থেকে নিষিদ্ধ করা হয়েছে, এবং শোকার্ত আত্মীয়রা যাতে এই অতিরিক্ত মানসিক চাপ থেকে রক্ষা পায় সেই উদ্দেশ্যে এই নতুন আইনের মাধ্যমে আমরা মোটরযান লিজের ক্ষেত্রেও তেমনটিই করছি।"

সেনেটর কেভিন টমাস বলেছেন, "প্রিয়জনের মৃত্যুর পর কোনো লিজ নেয়া মোটরযানের আগাম পরিসমাপ্তি মূল্য প্রদানের অমর্যাদা শোকার্ত নিউ ইয়র্কবাসীদের ভোগ করা উচিত নয়। এই আইনটি গুরুত্বপূর্ণ ভোক্তা সুরক্ষা কবচ তৈরি করে যা নিশ্চিত করে যে পরিবারের জীবিত সদস্যদের উপরে অন্যায্য মূল্য প্রদানের চাপ দেয়া হবে না। এই বিলটিকে স্বাক্ষর করার মাধ্যমে আইনে পরিণত করা এবং গ্রাহক ও তাদের পরিবারকে সুরক্ষা প্রদানের জন্য আমি গভর্নর কুউমোকে ধন্যবাদ জানাই।"

এসেম্বলি সদস্য এইলিন গুনথার বলেন, "আইনটি শুধুমাত্র একটি প্রয়োজনীয় ভোক্তা সুরক্ষা কবচ হিসেবেই কাজ করে না বরং নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য এটি সম্পাদন করা ন্যায়সঙ্গতও

বটে। প্রিয়জনের মৃত্যু মোকাবেলা করা এবং এর পরপরই কোনো লিজ চুক্তির আগাম পরিসমাপ্তি মূল্যের বোঝা নেয়ার বিষয়টি বিশেষভাবে যন্ত্রণাদায়ক। নিউ ইয়র্ক স্টেটের কোনো পরিবারই এই অবিচারের শিকার হবে না এই বিলটি তা নিশ্চিত করবে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন